# বার্ষিক প্রতিবেদন

জুলাই ২০১৬-জুন ২০১৭



ন্যাশনাল টি কোম্পানী লিমিটেড

www.natcobd.com


চায়ের দেশে স্বাগতম



মুক্তিযুদ্ধ স্মৃতিস্তম্ভ , তেলিয়াপাড়া চা বাগান

# সূচীপত্র


| | |
|---|---|
| বিজ্ঞপ্তি | ০৪ |
| ৩৮তম বার্ষিক সাধারণ সভার তথ্যাদি ও ছবি | ০৫ |
| পরিচালনা পর্ষদ ও কমিটি সমূহ | ১২ |
| চেয়ারম্যানের বাণী | ২০ |
| পরিচালকমন্ডলীর প্রতিবেদন | ২৩ |
| অডিট কমিটির প্রতিবেদন | ৩২ |
| কোম্পানীর পরিসংখ্যান, রেখাচিত্র ও বিশ্লেষণ | ৩৫ |
| বাগান ভিত্তিক পরিসংখ্যান, রেখাচিত্র ও বিশ্লেষণ | ৪২ |
| নিরীক্ষকদের প্রতিবেদন | ৪৯ |
| ২০১৬-১৭ হিসাববর্ষের ৩০শে জুন ২০১৭ তারিখের স্থিতি-পত্র | ৫০ |
| ২০১৬-১৭ হিসাববর্ষের লাভ-লোকসানের হিসাব | ৫১ |
| ২০১৬-১৭ হিসাববর্ষের নগদ অর্থ প্রবাহের বিবরণী | ৫২ |
| ২০১৬-১৭ হিসাববর্ষের শেয়ারহোল্ডারবৃন্দের ইকুইটি পরিবর্তনের বিবরণী | ৫৩ |
| ২০১৬-১৭ হিসাববর্ষের হিসাবের উপর সংক্ষিপ্ত টীকা | ৫৪ |
| ঊর্ধ্বতন নির্বাহী কর্মকর্তা | ৭২ |
| কর্পোরেট গভর্ন্যান্স গাইডলাইনস্ পরিপালনের সার্টিফিকেট | ৭৩ |
| কর্পোরেট গভর্ন্যান্স গাইডলাইনস্-এর পরিপালন | ৭৪ |
| প্রক্সি ও হাজিরা পত্র | |

# ন্যাশনাল টি কোম্পানী লিমিটেড
# ৩৯তম বার্ষিক সাধারণ সভা

## বিজ্ঞপ্তি

সম্মানিত শেয়ারহোল্ডারগণের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নিম্নলিখিত কার্যাদি সম্পাদনের জন্য ন্যাশনাল টি কোম্পানী লিমিটেডের "৩৯তম বার্ষিক সাধারণ সভা" আগামী ২১শে ডিসেম্বর, ২০১৭ তারিখ রোজ বৃহস্পতিবার সকাল ১০.৩০ মিনিটের সময় "টিসিবি অডিটরিয়াম", টিসিবি ভবন (২য় তলা), ১, কাওরান বাজার ঢাকায় অনুষ্ঠিত হবে।

১। ২০১৬ সালের ২১শে ডিসেম্বর তারিখে অনুষ্ঠিত "৩৮তম বার্ষিক সাধারণ সভার কার্য-বিবরণী" অবহিতকরণ।

২। ২০১৬ সালের জুলাই থেকে ২০১৭ সালের জুন পর্যন্ত নিরীক্ষিত হিসাব এবং এ সম্পর্কে পরিচালকমন্ডলী ও নিরীক্ষকদের প্রতিবেদন গ্রহণ ও অনুমোদন।

৩। লভ্যাংশ ঘোষণা।

৪। পরিচালক নিয়োগ।

৫। পরিচালকের সাময়িক শূন্য পদে (Casual Vacancy) ২(দু') জন পরিচালক নিয়োগের ঘটনা-উত্তর অনুমোদন।

৬। স্বতন্ত্র পরিচালক নিয়োগের ঘটনা-উত্তর অনুমোদন।

৭। ২০১৭-২০১৮ হিসাব বর্ষের জন্য নিরীক্ষক নিয়োগ ও পারিতোষিক নির্ধারণ।

**তারিখঃ ২৭-১০-২০১৭।**

বোর্ডের নির্দেশক্রমে

**(মোঃ লোকমান হোসেন)**
কোম্পানী সচিব

**দ্রষ্টব্যঃ**

১। কোম্পানীর "৩৯তম বার্ষিক সাধারণ সভার" নির্ধারিত **Record Date ১৯শে নভেম্বর, ২০১৭।**

২। সভা অনুষ্ঠানের তারিখে সকাল ৮:৩০ থেকে সকাল ১০:৩০ মিনিট পর্যন্ত শেয়ারহোল্ডারগণের হাজিরা রেজিষ্টার খোলা থাকবে এবং শেয়ারহোল্ডারগণ উক্ত রেজিষ্টারে উল্লেখিত সময়ের মধ্যে তাদের উপস্থিতি লিপিবদ্ধ করবেন।

৩। সভা অনুষ্ঠিত হওয়ার নির্ধারিত সময়ের ন্যূনতম ৪৮(আটচল্লিশ) ঘন্টা পূর্বে প্রক্সি-পত্র কোম্পানীর সদর দপ্তরের সংশ্লিষ্ট বিভাগে জমা দিতে হবে।

৪। সংশ্লিষ্ট হিসাব প্রতিবেদনের উপর শেয়ারহোল্ডারগণের যদি কোন প্রশ্ন থাকে, সভা অনুষ্ঠানের নির্ধারিত তারিখের কমপক্ষে ৭(সাত) দিন পূর্বে তা' লিখিতভাবে কোম্পানীর সদর দপ্তরে জমা দিতে হবে।

# ৩৮তম বার্ষিক সাধারণ সভার তথ্যাদি ও ছবি






# ৩৮তম বার্ষিক সাধারণ সভার তথ্যাদি ও ছবি





# ৩৮তম বার্ষিক সাধারণ সভার তথ্যাদি ও ছবি






# ৩৮তম বার্ষিক সাধারণ সভার তথ্যাদি ও ছবি






# ৩৮তম বার্ষিক সাধারণ সভার তথ্যাদি ও ছবি






# ৩৮তম বার্ষিক সাধারণ সভার তথ্যাদি ও ছবি






# ৩৮তম বার্ষিক সাধারণ সভার তথ্যাদি ও ছবি



# পরিচালনা পর্ষদ



**জনাব মুন্সী সফিউল হক**
চেয়ারম্যান
ন্যাশনাল টি কোম্পানী লিমিটেড
অতিরিক্ত সচিব
বাণিজ্য মন্ত্রণালয়



**জনাব মইনুল ইসলাম**
পরিচালক
ন্যাশনাল টি কোম্পানী লিমিটেড
অতিরিক্ত সচিব
অর্থ মন্ত্রণালয়



**জনাব মোঃ ফায়েকুজ্জামান**
স্বতন্ত্র পরিচালক
ন্যাশনাল টি কোম্পানী লিমিটেড
সাবেক ব্যবস্থাপনা পরিচালক
ইনভেষ্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ

# পরিচালনা পর্ষদ



**জনাব সৈয়দ শাহরিয়ার আহসান**
পরিচালক
ন্যাশনাল টি কোম্পানী লিমিটেড
ব্যবস্থাপনা পরিচালক
সাধারণ বীমা কর্পোরেশন



**জনাব মোঃ সারোয়ার কামাল**
পরিচালক
ন্যাশনাল টি কোম্পানী লিমিটেড
ব্যবস্থাপনা পরিচালক
ম্যাকডোনাল্ড বাংলাদেশ (প্রাঃ) লিমিটেড



**জনাব মোঃ শওকত আলী ওয়ারেছী**
স্বতন্ত্র পরিচালক
ন্যাশনাল টি কোম্পানী লিমিটেড
সাবেক অতিরিক্ত সচিব
বাণিজ্য মন্ত্রণালয়

# পরিচালনা পর্ষদ



**জনাব কাজী ছানাউল হক**
পরিচালক
ন্যাশনাল টি কোম্পানী লিমিটেড
ব্যবস্থাপনা পরিচালক
ইনভেষ্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ



**জনাব মোহাম্মদ বিন কাশেম**
পরিচালক
ন্যাশনাল টি কোম্পানী লিমিটেড
প্রতিনিধি
ইকুইটি রিসোর্সেস লিমিটেড



**জনাব মোঃ আব্দুল আউয়াল**
ব্যবস্থাপনা পরিচালক
ন্যাশনাল টি কোম্পানী লিমিটেড

# নির্বাহী কমিটি



**জনাব মইনুল ইসলাম**
পরিচালক ও কমিটির চেয়ারম্যান



**জনাব মোঃ সারোয়ার কামাল**
পরিচালক ও কমিটির সদস্য



**জনাব মোঃ শওকত আলী ওয়ারেছী**
স্বতন্ত্র পরিচালক ও কমিটির সদস্য



**জনাব কাজী ছানাউল হক**
পরিচালক ও কমিটির সদস্য



**জনাব মোঃ আব্দুল আউয়াল**
ব্যবস্থাপনা পরিচালক ও কমিটির সদস্য

# প্রশাসনিক কমিটি



**জনাব মোঃ শওকত আলী ওয়ারেছী**
স্বতন্ত্র পরিচালক ও কমিটির চেয়ারম্যান



**জনাব সৈয়দ শাহরিয়ার আহসান**
পরিচালক ও কমিটির সদস্য



**জনাব মোঃ সারোয়ার কামাল**
পরিচালক ও কমিটির সদস্য



**জনাব কাজী ছানাউল হক**
পরিচালক ও কমিটির সদস্য



**জনাব মোঃ আব্দুল আউয়াল**
ব্যবস্থাপনা পরিচালক ও কমিটির সদস্য

# অডিট কমিটি



**জনাব মোঃ ফায়েকুজ্জামান**
স্বতন্ত্র পরিচালক ও কমিটির চেয়ারম্যান



**জনাব সৈয়দ শাহরিয়ার আহসান**
পরিচালক ও কমিটির সদস্য



**জনাব মোঃ সারোয়ার কামাল**
পরিচালক ও কমিটির সদস্য



**জনাব মোঃ শওকত আলী ওয়ারেছী**
স্বতন্ত্র পরিচালক ও কমিটির সদস্য

# পরিকল্পনা ও উন্নয়ন কমিটি



**জনাব মোঃ সারোয়ার কামাল**
পরিচালক ও কমিটির চেয়ারম্যান



**জনাব মইনুল ইসলাম**
পরিচালক ও কমিটির সদস্য



**জনাব মোঃ ফায়েকুজ্জামান**
স্বতন্ত্র পরিচালক ও কমিটির সদস্য



**জনাব সৈয়দ শাহরিয়ার আহসান**
পরিচালক ও কমিটির সদস্য



**জনাব মোঃ আব্দুল আউয়াল**
ব্যবস্থাপনা পরিচালক ও কমিটির সদস্য

# বিক্রয় ও বিপণন কমিটি



**জনাব মোহাম্মদ বিন কাশেম**
পরিচালক ও কমিটির চেয়ারম্যান



**জনাব মোঃ ফায়েকুজ্জামান**
স্বতন্ত্র পরিচালক ও কমিটির সদস্য



**জনাব সৈয়দ শাহরিয়ার আহসান**
পরিচালক ও কমিটির সদস্য



**জনাব মোঃ সারোয়ার কামাল**
পরিচালক ও কমিটির সদস্য



**জনাব মোঃ শওকত আলী ওয়ারেছী**
স্বতন্ত্র পরিচালক ও কমিটির সদস্য



**জনাব মোঃ আব্দুল আউয়াল**
ব্যবস্থাপনা পরিচালক ও কমিটির সদস্য



# চেয়ারম্যানের বাণী

**সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দ,**

ন্যাশনাল টি কোম্পানী লিমিটেডের ৩৯তম বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠান উপলক্ষে আপনাদের সকলকে জানাই আমার আন্তরিক অভিনন্দন ও শুভেচ্ছা। পরম করুণাময় আল্লাহ্ তা'আলার অশেষ মেহেরবাণীতে এবং সংশ্লিষ্ট সকল মহলের সার্বিক সহযোগিতার ফলে কোম্পানী সফলভাবে পরিচালিত হচ্ছে। কোম্পানীর পরিচালনা পর্ষদের পক্ষ থেকে আপনাদের সবাইকে আন্তরিক কৃতজ্ঞতা জ্ঞাপন করছি।

কোম্পানী কর্তৃক গৃহীত স্বল্প-মেয়াদী ও দীর্ঘ-মেয়াদী প্রকল্পের ফলশ্রুতিতে বাগানের সকল কর্মকান্ডে কিছুটা গতিশীলতা এসেছে। কিন্তু বর্তমান পরিচালনা পর্ষদের সদস্যগণ কোম্পানীর বাগান ও কারখানার ব্যবস্থাপনায় শতভাগ সন্তোষ প্রকাশ করতে পারছে না। যে কারণে কোম্পানীর সার্বিক উন্নয়নে নতুন কিছু উদ্যেগ গ্রহণ করা হয়েছে। বাগানের সম্প্রসারণ ও পুনঃভরণ ও কারখানার আধুনিকায়ন প্রকল্প গ্রহণ করা হয়েছে। আগামীতে স্বল্প সময়ের মধ্যে কোম্পানীর উৎপাদন আরও বৃদ্ধিসহ চায়ের গুণগত মানেরও উন্নয়ন করা সম্ভব হবে বলে আশা করা যায় । উল্লেখ্য যে, কোম্পানীর সর্ব ক্ষেত্রেই স্বচ্ছতা, জবাবদিহিতা এবং শুদ্ধাচার প্রতিষ্ঠার লক্ষ্যে বোর্ড কর্তৃক সর্বাত্মক প্রচেষ্টা অব্যাহত রয়েছে। আমার দৃঢ় বিশ্বাস - এ প্রচেষ্টার ফলে কোম্পানীর মুনাফাও ক্রমান্বয়ে বৃদ্ধি পাবে।

আপনাদেরকে আরও জানাচ্ছি যে, গৃহীত উন্নয়ন কার্যক্রমে পুরাতন চারা উৎপাটন করে নতুন জাতের চারা রোপণ ও চা চাষাবাদ এলাকা বৃদ্ধি করার ফলে কোম্পানীর উৎপাদন ও গুণগত মান ক্রমান্বয়ে বৃদ্ধি পাচ্ছে। ২০১৬ সালের জুলাই থেকে ২০১৭ সালের জুন পর্যন্ত কোম্পানীর সর্বমোট উৎপাদন হয়েছে ৫৭ লক্ষ ৭২ হাজার ৬৮৭ কেজি। উল্লেখ্য যে, পূর্ববর্তী বছরগুলোর তুলনায় উৎপাদন ক্রমান্বয়ে বৃদ্ধি পাচ্ছে।

২০১৬ সালের জুলাই থেকে ২০১৭ সালের জুন পর্যন্ত প্রতি কেজি চায়ের গড় বিক্রয় মূল্য দাঁড়ায় ১৬৬.১৫ টাকা যা' ২০১৫ সালের জুলাই থেকে ২০১৭ সালের জুন পর্যন্ত প্রতি কেজি চায়ের গড় বিক্রয় মূল্য ছিল ১৭৯.৩৭ টাকা। গুণগত মান বৃদ্ধি পেলেও নীলাম বাজারে সরবরাহ বেশী থাকায় আশানুরূপ বিক্রয় মূল্য পাওয়া যায়নি। ২০১৫ সালের জুলাই থেকে ২০১৬ সালের জুন পর্যন্ত কোম্পানীর বাগান সমূহে সর্বমোট ২৩৯.৩৩ হেক্টর জমিতে এবং ২০১৬ সালের জুলাই থেকে ২০১৭ সালের জুন পর্যন্ত ২৩৯.০৫ হেক্টর জমিতে নতুন চা গাছ রোপণ করা হয়েছে।

সংশ্লিষ্ট হিসাববর্ষের প্রথমার্ধে আবহাওয়া চা উৎপাদনের অনুকূলে থাকলেও দ্বিতীয়ার্ধে অতিবৃষ্টি ও পোকামাকড়ের প্রভাব অত্যন্ত বেশি থাকায় উৎপাদন ভীষণভাবে ব্যাহত হয়। এতদ্সত্ত্বেও সকল মহলের সার্বিক প্রচেষ্টায় যথাযথ ব্যবস্থা গ্রহণ, কোম্পানীর যাবতীয় ক্রয় প্রক্রিয়ার আধুনিকায়ন করার ফলে পদ্ধতিগত উন্নয়ন ও গুণগতমান নিশ্চিতসহ ব্যয় হ্রাস করা সম্ভব হচ্ছে।

উৎপাদন বৃদ্ধি ও চায়ের গুণগত মান উন্নয়নের মাধ্যমে আমরা বিভিন্ন বাধাগুলো অতিক্রম করতে সক্ষম হয়েছি। ২০১৬ সালের জুলাই থেকে ২০১৭ সালের জুন পর্যন্ত বিভিন্ন প্রতিকূলতা সত্ত্বেও কোম্পানী ৭ কোটি ৯৪ লক্ষ ৪ হাজার ৮৯৪ টাকা নীট মুনাফা অর্জন করে প্রতি শেয়ারে ১২.০৩ টাকা EPS লাভে সমর্থ হয়। প্রতি শেয়ারে Net operating cash flow ৪.৭৯ টাকা এবং Net Asset Value per share দাঁড়ায় ১৪২.৯৯ টাকা।

সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দের বিনিয়োগ নিরাপদ রাখা এবং অধিকতর মুনাফা অর্জনের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পরিচালনা পর্ষদের সর্বাত্মক প্রচেষ্টা অব্যাহত রয়েছে। কোম্পানীর সার্বিক কর্মকান্ডে আরও গতিশীলতা বৃদ্ধির জন্য সংশ্লিষ্ট কর্মকর্তারা নিয়মিত বাগান পরিদর্শন করছেন। উল্লেখ্য, এখন থেকে প্রতি বৎসর পরিচালনা পর্ষদের কমপক্ষে ৩(তিন)টি সভা কোম্পানী বাংলোতে অনুষ্ঠিত হবে এবং উক্ত সময়ে চেয়ারম্যানসহ পরিচালকগণ বাগান ও কারখানা পরিদর্শন করবেন মর্মে সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। এ বিষয়ে আপনাদের সৎ উপদেশ এবং পরামর্শ সমূহ যথাযথ গুরুত্বের সাথে বিবেচিত হবে।

কোম্পানীর উৎপাদিত চায়ের ক্রেতা, শেয়ারহোল্ডার, কর্মকর্তা, শ্রমিক-কর্মচারীসহ কোম্পানীর সাথে সম্পৃক্ত সকলের ভবিষ্যৎ স্বার্থ আরও ফলপ্রসূ করে কোম্পানীকে একটি আদর্শ প্রতিষ্ঠানে পরিণত করার লক্ষ্যে আমার ও বোর্ডের অন্যান্য সদস্যদের চেষ্টা ও উদ্যোগ অব্যাহত থাকবে। আসন্ন বছরগুলোতে কোম্পানী অভিষ্ট লক্ষ্য অর্জনে সমর্থ হবে বলে আমি আশা রাখি।

পরিশেষে, কোম্পানীর শেয়ারহোল্ডার, বোর্ড সদস্য, চায়ের ক্রেতা, কোম্পানীর কর্মকর্তা, শ্রমিক-কর্মচারীসহ কোম্পানীর ব্যবসার সাথে সম্পৃক্ত সকলকে জানাই আমার আন্তরিক ধন্যবাদ ও মোবারকবাদ।

**আল্লাহ হাফেজ।**

**(মুন্সী সফিউল হক)**
চেয়ারম্যান


ন্যাশনাল টি কোম্পানী লিমিটেড
স্থাপিত ১৯৭৮
মোট ভূমিঃ ১০৯৩৯.৬২ হেক্টর
পাত্রখোলা চা বাগান
স্থাপিত : ১৮৭৫ ইং
মোট ভূমিঃ ১৮৫৭.২০ হেক্টর
জগদীশপুর চা বাগান
স্থাপিত : ১৯২৫ ইং
মোট ভূমিঃ ৬০২.৮৫ হেক্টর
কুরমা চা বাগান
স্থাপিত : ১৮৯৫ ইং
মোট ভূমিঃ ১২৭৬.১৯ হেক্টর
তেলিয়াপাড়া চা বাগান
স্থাপিত : ১৮৯৫ ইং
মোট ভূমিঃ ১০৫৩.১৫ হেক্টর
চাম্পারায় চা বাগান
স্থাপিত : ১৯১০ ইং
মোট ভূমিঃ ৮০৮.২২ হেক্টর
চন্ডিছড়া চা বাগান
স্থাপিত : ১৮৭৬ ইং
মোট ভূমিঃ ৭৯৩.০৮ হেক্টর
চা বিপণন কেন্দ্র
মদনমোহনপুর চা বাগান
স্থাপিত : ১৮৭৯ ইং
মোট ভূমিঃ ৪০৩.৫২ হেক্টর
লাক্কাতুড়া চা বাগান
স্থাপিত : ১৮৭৫ইং
মোট ভূমিঃ ১২৮৪.৩২ হেক্টর
মাধবপুর চা বাগান
স্থাপিত : ১৮৯২ ইং
মোট ভূমিঃ ১১৪৩.৭৪ হেক্টর
পারকুল চা বাগান
স্থাপিত : ১৮৯২ ইং
মোট ভূমিঃ ১০২৫.০৬ হেক্টর
বিজয়া চা বাগান
স্থাপিত : ১৯২৩ ইং
মোট ভূমিঃ ৩০৫.৯৮ হেক্টর
প্রেমনগর চা বাগান
স্থাপিত : ১৯২৭ ইং
মোট ভূমিঃ ৩৮৬.৩১ হেক্টর

# ন্যাশনাল টি কোম্পানী লিমিটেড
## পরিচালকমণ্ডলীর প্রতিবেদন

**বিস্‌মিল্লাহির রাহ্‌মানির রাহীম**
**সম্মানিত শেয়ারহোল্ডার ও উপস্থিত সুধীমণ্ডলী,**
**আস্‌সালামু আলাইকুম,**

অত্যন্ত আনন্দের সাথে জানানো যাচ্ছে যে, আপনাদের সার্বিক সহায়তায় ন্যাশনাল টি কোম্পানী লিমিটেডের **"৩৯তম বার্ষিক সাধারণ সভা"** অনুষ্ঠিত হচ্ছে। এ **"সভায়"** উপস্থিত হওয়ার জন্য আপনাদের সকলকে জানাই সাদর সম্ভাষণ, আন্তরিক অভিনন্দন ও শুভেচ্ছা। আল্লাহ্ পাকের অশেষ রহমতে ২০১৬ সালের জুলাই থেকে ২০১৭ সালের জুন পর্যন্ত কোম্পানীর হিসাব বিবরণী, নিরীক্ষকদের প্রতিবেদন এবং সার্বিক কার্যক্রমের উপর পরিচালকমণ্ডলীর প্রতিবেদন সম্মানিত শেয়ারহোল্ডারগণের সদয় বিবেচনা ও অনুমোদনের লক্ষ্যে সভায় উপস্থাপন করা সম্ভব হয়েছে বিধায় আমরা অত্যন্ত আনন্দিত ও গর্বিত। সংশ্লিষ্ট হিসাববর্ষের বিভিন্ন বিষয়াদি আপনাদের সদয় অবগতির জন্য নিম্নোক্তভাবে উপস্থাপন করা হলোঃ

### চা উৎপাদন

সংশ্লিষ্ট হিসাববর্ষের প্রথমার্ধে আবহাওয়া চা উৎপাদনের অনুকূলে ছিল। কিন্তু দ্বিতীয়ার্ধে অতিবৃষ্টি ও পোকামাকড়ের প্রভাব বেশি থাকায় উৎপাদন ব্যাহত হয়। ফলে ২০১৬-২০১৭ হিসাববর্ষে কোম্পানীর বাগানসমূহ সর্বমোট ৫৭ লক্ষ ৭২ হাজার ৬৮৭ কেজি চা উৎপাদন করতে সক্ষম হয় যা' ২০১৫-২০১৬ সালের ৫৯ লক্ষ ১৯ হাজার ৩৩৭ কেজির তুলনায় ২.৪৮ শতাংশ কম। উল্লেখ্য যে, একই সময়ে জাতীয় গড় উৎপাদনের প্রবৃদ্ধি ছিল ৬.৫৫ শতাংশ।

কোম্পানীর বিগত বছরগুলোর উৎপাদনের বিবরণী নিম্নে প্রদান করা হলোঃ

| বৎসর | চায়ের উৎপাদন (কেজিতে) | প্রবৃদ্ধির হার (শতাংশে) | *জাতীয় উৎপাদন (কেজিতে) |
|---|---|---|---|
| ২০১৩ সালের জানুয়ারী থেকে ডিসেম্বর পর্যন্ত | ৪৯,২৮,৪৪৭ | ৮.৪০ | ৬,৬৩,০০,০০০ |
| ২০১৪ সালের জানুয়ারী থেকে ডিসেম্বর পর্যন্ত | ৪৮,১৯,৭০০ | ( ২.২১) | ৬,৪৫,০০,০০০ |
| ২০১৫ সালের জানুয়ারী থেকে ডিসেম্বর পর্যন্ত | ৫২,২৪,৭১০ | ৮.৪০ | ৬,৭৩,৮০,০০০ |
| ২০১৬ সালের জানুয়ারী থেকে জুন পর্যন্ত | ২০,৬৩,৯০৬ | ৫০.৭৩ | ২,৫৩,৮০,০০০ |
| ২০১৫ সালের জুলাই থেকে ২০১৬ সালের জুন পর্যন্ত | ৫৯,১৯,৩৩৭ | - | ৭,৬৬,৩৫,০০০ |
| ২০১৬ সালের জুলাই থেকে ২০১৭ সালের জুন পর্যন্ত | ৫৭,৭২,৬৮৭ | (২.৪৮) | ৮,১৬,৪৫,০০০ |

**সূত্র:- বাংলাদেশ চা বোর্ড।*

### উৎপাদন ব্যয়

বিগত বছরগুলোর ন্যায় আলোচ্য বছরে সম্ভাব্য ক্ষেত্রগুলোতে কোম্পানীর ব্যয় সঙ্কোচন নীতি অব্যাহত ছিল। শ্রমিকের মজুরি এবং কর্মকর্তা ও কর্মচারীদের বেতন-ভাতা বৃদ্ধির ফলে ২০১৬-২০১৭ হিসাববর্ষে উক্ত নিয়ন্ত্রণ বহির্ভূত খাতগুলোতে ব্যয় বৃদ্ধি পেয়েছে প্রায় ৪.০০ কোটি টাকা। এতদ্‌সত্ত্বেও কোম্পানীর পরিচালকমণ্ডলীর সদয় পরামর্শ ও সঠিক দিক্-নির্দেশনা এবং ব্যবস্থাপনার সময়োচিত পদক্ষেপ গ্রহণের ফলে ২০১৬-২০১৭ হিসাববর্ষে কোম্পানীর প্রতি কেজি চায়ের গড় উৎপাদন ব্যয় দাঁড়ায় ১৫১.৫১ টাকা যা' ২০১৫-২০১৬ হিসাববর্ষের একই সময়ে ছিল ১৪৯.৪৬ টাকা। বিগত বছরগুলোর উৎপাদন ব্যয়ের বিবরণী নিম্নে প্রদান করা হলোঃ

| বৎসর | চায়ের উৎপাদন (কেজিতে) | প্রতি কেজি চায়ের উৎপাদন ব্যয় (টাকায়) | প্রবৃদ্ধির হার (শতাংশে) |
|---|---|---|---|
| ২০১৩ সালের জানুয়ারী থেকে ডিসেম্বর পর্যন্ত | ৪৯,২৮,৪৪৭ | ১৫৩.৪৯ | ৫.৪৯ |
| ২০১৪ সালের জানুয়ারী থেকে ডিসেম্বর পর্যন্ত | ৪৮,১৯,৭০০ | ১৫৯.৬৩ | ৪.০০ |
| ২০১৫ সালের জানুয়ারী থেকে ডিসেম্বর পর্যন্ত | ৫২,২৪,৭১০ | ১৬৪.২৫ | ৩.০১ |
| ২০১৬ সালের জানুয়ারী থেকে জুন পর্যন্ত | ২০,৬৩,৯০৬ | ২০৫.৮২ | (২২.৬১) |
| ২০১৫ সালের জুলাই থেকে ২০১৬ সালের জুন পর্যন্ত | ৫৯,১৯,৩৩৭ | ১৪৯.৪৬ | - |
| ২০১৬ সালের জুলাই থেকে ২০১৭ সালের জুন পর্যন্ত | ৫৭,৭২,৬৮৭ | ১৫১.৫১ | ১.৩৭ |

## চা বিক্রয়

২০১৬ সালের জুলাই থেকে ২০১৭ সালের জুন পর্যন্ত প্রতি কেজি চায়ের গড় বিক্রয় মূল্য দাঁড়ায় ১৬৬.১৫ টাকা যা' ২০১৫ সালের জুলাই থেকে ২০১৬ সালের জুন পর্যন্ত ছিল ১৭৯.৩৭ টাকা। অর্থাৎ ২০১৬-২০১৭ হিসাববর্ষের গড় বিক্রয় মূল্য ২০১৫-২০১৬ হিসাববর্ষের তুলনায় প্রতি কেজিতে ১৩.২২ টাকা হ্রাস পেয়েছে। উল্লেখ্য যে, ২০১৬-২০১৭ হিসাববর্ষে (নিলাম সূচী অনুযায়ী) জাতীয় গড় বিক্রয় মূল্য ছিল ১৯১.০১ টাকা যা' ২০১৫-২০১৬ হিসাববর্ষে (নিলাম সূচী অনুযায়ী) ছিল ১৮৭.২৩ টাকা। বিগত বছরগুলোর বিক্রয় মূল্যের বিবরণী নিম্নে উদ্ধৃত করা হলোঃ

| বৎসর | প্রতি কেজি চায়ের বিক্রয় মূল্য (টাকায়) | প্রবৃদ্ধির হার (শতাংশে) |
|---|---|---|
| ২০১৩ সালের জানুয়ারী থেকে ডিসেম্বর পর্যন্ত | ১৬৮.৫৭ | ( ১৮.৮৭) |
| ২০১৪ সালের জানুয়ারী থেকে ডিসেম্বর পর্যন্ত | ১৬১.১৪ | ( ৪.৪১) |
| ২০১৫ সালের জানুয়ারী থেকে ডিসেম্বর পর্যন্ত | ১৮০.৫৭ | ১২.০৬ |
| ২০১৬ সালের জানুয়ারী থেকে জুন পর্যন্ত | ২০১.৫৬ | ৩.৩৪ |
| ২০১৫ সালের জুলাই থেকে ২০১৬ সালের জুন পর্যন্ত | ১৭৯.৩৭ | ০ |
| ২০১৬ সালের জুলাই থেকে ২০১৭ সালের জুন পর্যন্ত | ১৬৬.১৫ | (৭.৩৭) |

## স্থানীয় বাজারে চা বিক্রয়

স্থানীয় পর্যায়ে চায়ের বাজার সম্প্রসারণের উদ্যোগ গ্রহণের ফলে কোম্পানীর বিপণন কেন্দ্রের মাধ্যমে চা বিক্রয়ের পরিমাণ ক্রমাগতভাবে বৃদ্ধি পাচ্ছে। ২০১৬ সালের জুলাই থেকে ২০১৭ সালের জুন পর্যন্ত স্থানীয় বাজারে চা বিক্রয়ের পরিমাণ ছিল সর্বমোট ৪,৪৯,৫৪০ কেজি যা' ২০১৫ সালের জুলাই থেকে ২০১৬ সালের জুন পর্যন্ত বিক্রীত ৪,৩৫,৩৭০ কেজির তুলনায় ৩.২৫ শতাংশ বেশি। বিক্রয় বৃদ্ধির লক্ষ্যে মেগাশপগুলোতে চা সরবরাহসহ ইতোমধ্যে বিভিন্ন স্থানে বিক্রয় কেন্দ্র স্থাপন, ডিলার নিয়োগ, স্বপ্ন মেগাশপে চা সরবরাহসহ বিক্রয় বৃদ্ধির বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। যার ফলে 'ন্যাশনাল টি' এর চাহিদা স্থানীয় বাজারে ক্রমশঃ বৃদ্ধি পাচ্ছে। বিক্রয় আরও বৃদ্ধির লক্ষ্যে স্থানীয় বাজারে চা বিপণন এর উপর একটি পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। উক্ত পরিকল্পনার আওতায় পণ্য বৈচিত্রকরণসহ স্থানীয় বাজারে চা বিক্রয় বৃদ্ধির যথাযথ পদক্ষেপ গ্রহণ করা হবে। স্থানীয় বাজারে বিগত বছরগুলোর চা বিক্রয়ের পরিমাণ নিম্নরূপঃ

| বৎসর | বিক্রিত চায়ের পরিমাণ (কেজিতে) | মুনাফা (টাকায়) | প্রবৃদ্ধির হার (শতাংশে) |
|---|---|---|---|
| ২০১৩ সালের জানুয়ারী থেকে ডিসেম্বর পর্যন্ত | ২,৬১,০৫০ | ৫০,৫৬,১০১ | ( ১০.১৪) |
| ২০১৪ সালের জানুয়ারী থেকে ডিসেম্বর পর্যন্ত | ৩,১৫,৯১০ | ৩৯,৭৭,৭৭৮ | ২১.০২ |
| ২০১৫ সালের জানুয়ারী থেকে ডিসেম্বর পর্যন্ত | ৩,৭১,৩০৫ | ১৫,৯৯,৪৭৫ | ১৭.৫৪ |
| ২০১৬ সালের জানুয়ারী থেকে জুন পর্যন্ত | ২,১৮,৯৮৫ | ৬,৭১,৮৯১ | ৪১.৩৫ |
| ২০১৫ সালের জুলাই থেকে ২০১৬ সালের জুন পর্যন্ত | ৪,৩৫,৩৭০ | ১৪,৬৫,৬৬৯ | ০ |
| ২০১৬ সালের জুলাই থেকে ২০১৭ সালের জুন পর্যন্ত | ৪,৪৯,৫৪০ | ৬১,৭০,৮৫১ | ৩.২৫ |

## অর্জিত মুনাফা

২০১৬-২০১৭ হিসাববর্ষে কোম্পানী ৮,০৭,৩২,৩০৭ টাকা করপূর্ব মুনাফা অর্জন করতে সক্ষম হয়। কর পরবর্তী নীট মুনাফার পরিমাণ দাঁড়ায় ৭,৯৪,০৪,৮৯৪ টাকা এবং Earning Per Share ১২.০৩ টাকা। পক্ষান্তরে ২০১৫-২০১৬ হিসাববর্ষে কোম্পানী ১৩,৬৩,৭০,৯০৭ টাকা করপূর্ব মুনাফা অর্জন করতে সক্ষম হয়। বিগত বছরগুলোর করপূর্ব মুনাফা, কর পরবর্তী নীট মুনাফা এবং Earning Per Share-এর বিবরণ নিম্নোক্তভাবে প্রদান করা হলোঃ

| বৎসর | করপূর্ব মুনাফা (টাকায়) | কর পরবর্তী নীট মুনাফা (টাকায়) | Earning Per Share (টাকায়) |
|---|---|---|---|
| ২০১৩ সালের জানুয়ারী থেকে ডিসেম্বর পর্যন্ত | ১৭,৩৬,৭৫,১০৬ | ১৬,১৪,২১,৬২৩ | ২৪.৪৬ |
| ২০১৪ সালের জানুয়ারী থেকে ডিসেম্বর পর্যন্ত | ৩,৫৫,৫০,৬৬১ | ৪,২০,৯৯,৩২৬ | ৬.৩৮ |
| ২০১৫ সালের জানুয়ারী থেকে ডিসেম্বর পর্যন্ত | ৮,০০,৩০,২১৮ | ৭,৯২,৫৪,৫৩০ | ১২.০১ |
| ২০১৬ সালের জানুয়ারী থেকে জুন পর্যন্ত | ৪৬,৬৮,৮৬২ | ১৫,৪১,২৪৯ | ০.২৩ |
| ২০১৫ সালের জুলাই থেকে ২০১৬ সালের জুন পর্যন্ত | ১৩,৬৩,৭০,৯০৭ | ১৩,২৪,৬৭,৬০৬ | ২০.০৭ |
| ২০১৬ সালের জুলাই থেকে ২০১৭ সালের জুন পর্যন্ত | ৮,০৭,৩২,৩০৭ | ৭,৯৪,০৪,৮৯৪ | ১২.০৩ |

# কোম্পানী কর্তৃক গৃহীত বিভিন্ন উন্নয়ন কার্যক্রম

## বাগান সম্প্রসারণ

২০১৬ সালের জুলাই থেকে ২০১৭ সালের জুন পর্যন্ত কোম্পানীর বাগান সমূহে সর্বমোট ২৩৯.০৫ হেক্টর জমিতে নতুন চা গাছ এবং পরিবেশের ভারসাম্য রক্ষার জন্য ১,০৮,০০০টি বিভিন্ন প্রজাতির মূল্যবান বৃক্ষের চারা রোপণ করা হয়েছে। তা'ছাড়া পূর্বে রোপণকৃত চারাগুলোও সঠিকভাবে রক্ষণাবেক্ষণ করা হয়। উল্লেখ্য যে, ২০১৫-২০১৬ হিসাববর্ষের একই সময়ে ২৩৯.৩৩ হেক্টর জমি চা চাষের আওতায় আনা হয়।

## বাগান সম্প্রসারণ পরিকল্পনা

২০১৭-১৮ হিসাববর্ষে কোম্পানীর বাগান সমূহে ১৭৫.৮১ হেক্টর জমির অতি পুরাতন ও কম উৎপাদনশীল চা গাছ উৎপাটনপূর্বক পুনঃরোপণ, ২৪.০০ হেক্টর জমিতে ব্লক ইনফিলিং এবং ৮০.১৯ হেক্টর জমিতে চা সম্প্রসারণের পরিকল্পনা রয়েছে। এ ছাড়াও ২,৫৩,০০০টি বিভিন্ন প্রজাতির মূল্যবান বৃক্ষের চারা রোপণের পরিকল্পনা প্রণয়ন করা হয়েছে।

## কারখানা ও যন্ত্রপাতি

২০১৬-২০১৭ হিসাববর্ষে কোম্পানীর বাগানগুলোতে নতুন কোন যন্ত্রপাতি সংযোজন করা হয়নি। তবে আগামী দিনগুলোতে কোম্পানীর বাগানগুলোকে আধুনিকায়নের মাধ্যমে মডেল বাগানে রূপান্তর করার পরিকল্পনা গ্রহণ করা হয়েছে এবং তার অংশ হিসেবে প্রাথমিকভাবে তিনটি বাগান যথাক্রমেঃ পাত্রখোলা, চন্ডিছড়া ও লাক্কাতুড়া চা বাগানকে নির্বাচন করা হয়েছে। বোর্ড কর্তৃক গৃহীত সিদ্ধান্ত অনুসারে নির্বাচিত তিনটিসহ অন্যান্য বাগানের জন্য বিভিন্ন প্রকার যন্ত্রপাতি সংযোজনের কাজ প্রক্রিয়াধীন রয়েছে। উক্ত উন্নয়ন প্রকল্প বাস্তবায়িত হলে আগামী দিনে কোম্পানীর চা'য়ের উৎপাদন ও গুণগত মান বৃদ্ধি পাবে যা অধিক মুনাফা অর্জনে সহায়ক হবে।

## শ্রমিক কল্যাণ

প্রতি বছরের ন্যায় ২০১৬-২০১৭ হিসাববর্ষেও কোম্পানীর বাগান সমূহের ২৫০টি কাঁচা বাসস্থানকে পাকা বাসস্থানে রূপান্তর করা হয়েছে। এ পরিকল্পনা সম্পূর্ণরূপে বাস্তবায়িত হ'লে বাসস্থান মেরামত খাতে ব্যয় সাশ্রয়সহ শ্রমিক বাসস্থানের সুব্যবস্থাও নিশ্চিত হবে। বাগানের শ্রমিক ও কর্মচারীদের সুস্বাস্থ্য নিশ্চিত করার লক্ষ্যে সংশ্লিষ্ট বছরে বিশুদ্ধ পানি সরবরাহের ব্যবস্থা ও রক্ষণাবেক্ষণ, প্রয়োজনীয় সংখ্যক গভীর ও হস্তচালিত নলকূপ স্থাপন এবং পয়ঃপ্রণালী ব্যবস্থার উন্নতি সহ বিভিন্ন কার্যকর পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। **'কর্মদক্ষতা সুস্বাস্থ্যের উপরই বহুলাংশে নির্ভরশীল'** বিধায় শ্রমিক-কর্মচারীদের স্বাস্থ্য ও কল্যাণমূলক কার্যাদির উপর কোম্পানী সর্বদা গুরুত্ব দিয়ে আস্‌ছে। প্রতিবেদনাধীন হিসাববর্ষে কোম্পানীর চা বাগান সমূহে ব্যবস্থাপনা-শ্রমিক সম্পর্ক ছিল অত্যন্ত সৌহার্দ্যপূর্ণ ও আন্তরিক। আশা করা যাচ্ছে যে, ভবিষ্যতেও তা' অব্যাহত থাকবে।

## অন্যান্য উন্নয়ন কার্যক্রম

আলোচ্য বছরে চা চাষাবাদ এলাকায় নিবিড় তদারকী ব্যবস্থা আরও জোরদার, সবুজ পাতা ও অন্যান্য দ্রব্যাদি দ্রুত গন্তব্যস্থলে পৌঁছানোসহ বাগানের অভ্যন্তরীণ যোগাযোগ ব্যবস্থা আরো উন্নয়নের লক্ষ্যে রাস্তা-ঘাট সমূহ মেরামত করা হয়। আগামী দিনে কোম্পানীর বাগান সমূহের উপযুক্ত স্থানে সৌর বিদ্যুতের ব্যবহার নিশ্চিত করে পরিবেশের ভারসাম্য রক্ষার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হচ্ছে।

## সার্বিক ব্যবস্থাপনা

কোম্পানীর অলাভজনক বাগানগুলোকে লাভজনক পর্যায়ে উন্নীত করার লক্ষ্যে বিভিন্ন ধরণের পদক্ষেপ গ্রহণ করা হচ্ছে। পাশাপাশি কোম্পানীর সকল বাগানের উৎপাদনশীলতা বৃদ্ধিপূর্বক অব্যাহতভাবে লাভজনক পর্যায়ে উন্নীত করার লক্ষ্যে প্রয়োজনীয় সকল প্রকার পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। ফলশ্রুতিতে ভবিষ্যতে বাগানগুলোর মুনাফা অর্জনের সক্ষমতা আরও বৃদ্ধি পাবে বলে আশা করা যাচ্ছে।

## অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা

সংশ্লিষ্ট হিসাববর্ষে কোম্পানীর অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা সুসংহত করাসহ ব্যয় কঠোরভাবে নিয়ন্ত্রণের লক্ষ্যে বোর্ড কর্তৃক নিরীক্ষা কমিটির উপর দায়িত্ব অর্পণ করা হয়। নিরীক্ষা কমিটি তাদের প্রত্যেকটি সভায় ব্যয় নিয়ন্ত্রণ বিষয়ে ব্যবস্থাপনা কর্তৃক গঠিত **Cost Control & Cost Reduction Committee** এর বিভিন্ন বিষয়াদির উপর গৃহীত কর্মপন্থা পর্যালোচনাপূর্বক তা' বাস্তবায়নের নিমিত্তে প্রয়োজনীয় সুপারিশমালা বোর্ড সভায় উপস্থাপন করে। উক্ত সুপারিশ সমূহ বাস্তবায়নের ফলে ইতোমধ্যে ব্যয় নিয়ন্ত্রণের ক্ষেত্রে উল্লেখযোগ্য অগ্রগতি সাধিত হয়েছে। এতদ্ব্যতীত বর্তমানে কোম্পানীর যাবতীয় ক্রয় প্রক্রিয়া আধুনিকায়ন করার ফলে পদ্ধতিগত উন্নয়ন ও গুণগতমান নিশ্চিতসহ ব্যয় হ্রাস করা সম্ভব হচ্ছে।

## SMART Project

কোম্পানীর SMART Project এর আওতায় উৎপাদন বৃদ্ধি ও চায়ের গুণগত মান উন্নয়নের মাধ্যমে মুনাফা বৃদ্ধির লক্ষ্যে চা সেকশনগুলোতে সুষ্ঠুভাবে পানি নিষ্কাশন ব্যবস্থা ও প্রয়োজনীয় সংখ্যক ছায়াবৃক্ষ রোপণ নিশ্চিত করা হচ্ছে। চা ও বনায়ন সম্প্রসারণসহ সকল ধরণের রোপণ কার্য যথাসময়ে বাস্তবায়নের নিমিত্তে প্রয়োজনীয় সকল প্রকার নার্সারী প্রস্তুত করা হচ্ছে। উক্ত প্রকল্পের অগ্রগতি নিয়মিতভাবে পর্ষদ কর্তৃক পর্যালোচনা ও বাগান

ব্যবস্থাপকদের নিয়ে বৈঠক অনুষ্ঠানের ফলে বাগানের সার্বিক কার্যক্রম ত্বরান্বিত হচ্ছে। প্রকল্পটি বাস্তবায়নের ফলে কোম্পানীর চা উৎপাদন উল্লেখযোগ্য পরিমাণে বৃদ্ধি পেয়েছে। এ প্রকল্প ধারাবাহিকভাবে বাস্তবায়নের ফলে ভবিষ্যতে উৎপাদন আরো বৃদ্ধি পাবে এবং চায়ের গুণগত মান উন্নত হওয়াসহ কোম্পানীর লাভ করার ক্ষমতা আরও বৃদ্ধি পাবে।

## মানব সম্পদ উন্নয়ন

আলোচ্য হিসাববর্ষে ন্যাশনাল টি কোম্পানী লিমিটেডের বাগান সমূহের সার্বিক অবস্থা আরও উন্নত, গতিশীল এবং উৎপাদন বান্ধব করার লক্ষ্যে বিভিন্ন কর্মশালাসহ উন্নয়নমূলক শিক্ষা-সূচীর আওতায় বেশ কিছু শ্রমিক-কর্মচারীকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। তা'ছাড়া শ্রমিক-কর্মচারীদের দক্ষতা, কর্ম ক্ষমতা ও উৎপাদনশীলতা আরও বৃদ্ধিকল্পে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হচ্ছে। উল্লেখ্য যে, বাগান ব্যবস্থাপনা আরও দক্ষ ও গতিশীল করার লক্ষ্যে বিটিআরআই এবং টি ব্রোকারদের উদ্যোগে আয়োজিত বিভিন্ন কর্মশালার মাধ্যমে বাগান কর্মকর্তা ও কর্মচারীদেরকে প্রশিক্ষণ দেয়া হচ্ছে।

## অর্থ ব্যবস্থাপনা ও হিসাবরক্ষণ

সংশ্লিষ্ট হিসাববর্ষে কোম্পানীর অর্থ ও হিসাব ব্যবস্থাপনা আরো স্বচ্ছ, কার্যকর এবং তথ্যসমৃদ্ধ করার লক্ষ্যে প্রয়োজনীয় বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করা হয়। বাংলাদেশে অনুসৃত International Financial Reporting Standards (IFRS) ও Bangladesh Financial Reporting Standards (BFRS) অনুযায়ী আর্থিক বিবরণী প্রণয়ন ও হিসাবভুক্ত করা হয়েছে। কোম্পানীর বাজেট পর্যালোচনা, অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ প্রক্রিয়া ও রক্ষণাবেক্ষণসহ হিসাবের সঠিক নীতিমালা অনুসরণপূর্বক আর্থিক বিবরণীগুলো প্রস্তুত করা হয়ে থাকে। উল্লেখ্য যে, বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশনের কর্পোরেট গভর্ন্যান্স গাইডলাইন এর চাহিদা মোতাবেক প্রয়োজনীয় বিভিন্ন তথ্যাবলী বার্ষিক প্রতিবেদনে অন্তর্ভুক্ত করা হয়েছে। বাগানের হিসেব-নিকেশ আরো স্বচ্ছ ও তথ্য সমৃদ্ধ করার লক্ষ্যে কোম্পানীর প্রত্যেকটি বাগানেই কম্পিউটার সরবরাহ করা হয়েছে। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ঘোষিত ডিজিটাল বাংলাদেশ গড়ার পরিকল্পনার সাথে সঙ্গতি রেখে কোম্পানীর সদর দপ্তর ও বাগানগুলোতে অত্যাধুনিক Software সংযোজন করার পরিকল্পনা গ্রহণ করা হয়েছে যার ফলে হিসাব ব্যবস্থাপনা ও তথ্য আদান-প্রদানে আরও স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করা সম্ভব হবে।

## সরকার কর্তৃক বিভিন্ন সময়ে ভূমি অধিগ্রহণ

সিলেট বিভাগীয় স্টেডিয়াম নির্মাণার্থে লাক্কাতুড়া বাগানের ৮.৪৪ একর ভূমি সরকার কর্তৃক অধিগ্রহণ করা হয়েছে এবং উক্ত ভূমির পরিমাণ বাদ দিয়ে বাগানটির ইজারা দলিল নবায়ন করা হয়। ২০১৩ সালে সরকার পুনরায় বিভাগীয় স্টেডিয়ামের রাস্তা নির্মাণের জন্য ২.৪৪ একর ও সেভরণ কর্তৃক গ্যাস কূপ স্থাপনের নিমিত্ত ৮.৭৭ একর অর্থাৎ সর্বমোট ১১.২১ একর ভূমি অধিগ্রহণ করেছে। রাস্তার জন্য অধিগ্রহণকৃত ভূমিতে কোম্পানীর কোন স্থাপনা বা চাষাবাদ না থাকায় সরকার ক্ষতিপূরণ প্রদান করেনি। তবে গ্যাস কূপের জন্য অধিগ্রহণকৃত কিছু ভূমিতে চা চাষাবাদ থাকায় এ বাবদ সরকারের সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট ক্ষতিপূরণ দাবি করা হয়েছে।

## প্রতিষ্ঠান পরিচালনা

কোম্পানীর পরিচালকবৃন্দ অভিমত ব্যক্ত করেন যে, ভবিষ্যৎ দায়-দেনা মিটিয়ে টিকে থাকার লক্ষ্যে কোম্পানীর পর্যাপ্ত স্থায়ী ও তরল সম্পদ রয়েছে। তদনুসারে কোম্পানীর বাৎসরিক হিসাব প্রস্তুতকালে চলমান প্রতিষ্ঠানের নীতি অনুসরণ করা হয়েছে।

## কর্পোরেট গভর্ন্যান্স গাইডলাইন-এর পরিপালন

- ২০১৬ সালের জুলাই থেকে ২০১৭ সালের জুন পর্যন্ত জাতীয় উৎপাদন ছিল ৮১.৬৫ মিলিয়ন কেজি যা' ২০১৫ সালের জুলাই থেকে ২০১৬ সালের জুন পর্যন্ত ৭৬.৬৩ মিলিয়ন কেজির তুলনায় ৫.০২ মিলিয়ন কেজি বা ৬.৫৫ শতাংশ বেশি। উল্লেখ্য যে, ২০১৬-২০১৭ মৌসুমে সর্বশেষ নিলামে প্রতি কেজি চায়ের জাতীয় গড় বিক্রয় মূল্য ছিল ১৯১.০১ টাকা যা' ২০১৫-২০১৬ মৌসুমে সর্বশেষ নিলামে ছিল ১৮৭.২৩ টাকা।
- ২০১৬-২০১৭ হিসাববর্ষে কোম্পানীর Cost of Goods Sold এর পরিমাণ ৬৭,৫৫,৩৫,১১৮ টাকা যা' ২০১৫-২০১৬ হিসাববর্ষে ছিল ৬৯,৯৩,৩৮,৬৩৭ টাকা। ২০১৬-১৭ হিসাববর্ষে বিক্রয় লব্ধ অর্থের উপর কোম্পানীর মোট মুনাফা ৩০.১৩ শতাংশ। পক্ষান্তরে ২০১৫-১৬ হিসাববর্ষে ছিল ৩৫.৫৪ শতাংশ। ২০১৬-১৭ হিসাববর্ষে কর পরবর্তী নীট মুনাফা বিক্রয় লব্ধ অর্থের ৮.০৬ শতাংশ যা' বিগত হিসাববর্ষে ছিল ১৩.৮০ শতাংশ।
- কোম্পানীর অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা জোরদার করার লক্ষ্যে বোর্ড সদস্যদের সমন্বয়ে গঠিত নিরীক্ষা কমিটিসহ বোর্ড কর্তৃক গঠিত অন্যান্য কমিটির সার্বিক ও নিরলস প্রচেষ্টা অব্যাহত আছে।
- শ্রমিক এবং কর্মকর্তা-কর্মচারীদের বেতন-ভাতাদি বৃদ্ধিসহ চায়ের সাথে সম্পৃক্ত অন্যান্য দ্রব্যাদির মূল্য ব্যাপক বৃদ্ধি পাওয়ায় ২০১৬-২০১৭ হিসাববর্ষে নিয়ন্ত্রণ বহির্ভূত খাতগুলোতে কোম্পানীর ব্যয় বৃদ্ধি পেয়েছে প্রায় ৪.০০ কোটি টাকা।
- ২০১৬-১৭ হিসাববর্ষে চায়ের উৎপাদন ২০১৫-১৬ হিসাববর্ষের তুলনায় ২.৪৮ শতাংশ হ্রাস পায়। নিলামে চায়ের মূল্য হ্রাস পাওয়ার ফলে ২০১৬-১৭ হিসাববর্ষে বিগত হিসাববর্ষের তুলনায় কর পূর্ব নীট মুনাফা ৪০.৮০ শতাংশ হ্রাস পায় এবং ২০১৭ সালের জুন পর্যন্ত কোম্পানী বিগত হিসাববর্ষের একই সময়ের ১৩,২৪,৬৭,৬০৬ টাকা কর পরবর্তী নীট মুনাফার স্থলে ৭,৯৪,০৪,৮৯৩ টাকা মুনাফা অর্জনে সমর্থ হয়।

- কোম্পানীর বর্তমান প্রধান নির্বাহী কর্মকর্তা, কোম্পানী সচিব, অর্থ ও হিসাব বিভাগের প্রধান কর্মকর্তা এবং অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগের প্রধান কর্মকর্তা সংক্রান্ত তথ্য নীচে দেয়া হলোঃ

| ক্রমিক নং | নাম | পদবী |
|---|---|---|
| ০১. | **জনাব মোঃ আব্দুল আউয়াল** | ব্যবস্থাপনা পরিচালক |
| ০২. | **জনাব মোঃ লোকমান হোসেন** | কোম্পানী সচিব |
| ০৩. | **জনাব মোঃ কেরামত আলী** | উপমহাব্যবস্থাপক (অর্থ ও হিসাব) |
| ০৪. | **জনাব মোল্লা গোলাম মোহাম্মদ** | ব্যবস্থাপক (অভ্যন্তরীণ নিরীক্ষা) |

## হিসাব বিবরণী সম্পর্কে পরিচালকগণের ঘোষণা

ক) কোম্পানীর আর্থিক বিবরণী প্রণয়নে Bangladesh Accounting Standards (BAS) এবং Bangladesh Financial Reporting Standards (BFRS) এর নীতি অনুসরণ করা হয়েছে ;

খ) কোম্পানীর Chief Executive Officer এবং Chief Financial Officer এ মর্মে বোর্ডকে নিশ্চিত করেছে যে, তারা কোম্পানীর আর্থিক বিবরণীসমূহ যথাযথভাবে পর্যালোচনা করেছে এবং বিবরণীতে কোন অসত্য তথ্য প্রদান করা হয়নি কিংবা কোন সত্য গোপন করা হয়নি;

গ) কোম্পানীর Chief Executive Officer এবং Chief Financial Officer এ মর্মে বোর্ডকে আরও নিশ্চিত করেছে যে, কোম্পানীর Codes of Conduct এর পরিপন্থি, মিথ্যা বা অবৈধ কোন লেন-দেন আলোচ্য বছরে হিসাবভুক্ত করা হয়নি ;

## অন্যান্য বিধিগত তথ্য (Other Regulatory Disclosure)

- কোম্পানী তার ব্যবসায়িক অন্যান্য ঝুঁকি সম্পর্কে সম্যক অবগত আছে এবং ঐ সকল ঝুঁকি মোকাবিলায় যথাযথ ব্যবস্থা নেয়া হয়, যা' এ সম্পর্কিত তথ্য নোট নং 38.01, 38.02 & 38.03 তে প্রকাশ করা হয়েছে।
- ২০১৬-২০১৭ হিসাববর্ষে কোম্পানী Related পার্টি সংশ্লিষ্ট কোন পক্ষের সাথে বাণিজ্যিক ভিত্তিতে এমন কোন লেন-দেন করেনি যা' Related Party Disclosure - এ প্রকাশ করতে হবে।
- প্রাথমিক অবস্থায় IPO ও পরবর্তীতে বোনাস শেয়ার ইস্যু ব্যতীত অন্য কোন ইনষ্ট্রুমেন্ট কোম্পানী অদ্যাবধি ইস্যু করেনি।
- প্রথম থেকেই কোম্পানী একই গতিতে ব্যবসা করে আসছে, যা' স্বচ্ছতার সাথে প্রকাশ করা হয়।
- কোম্পানীর আর্থিক প্রতিবেদন IFRS-1 অনুযায়ী উপস্থাপন করা হয়েছে, তাই এতে Extra Ordinary Gain/(Loss) অন্তর্ভুক্ত করা হয়নি।
- অন্যান্য বছরের ন্যায় ২০১৬-১৭ হিসাববর্ষে প্রথম ও দ্বিতীয় প্রান্তিকে কোম্পানী লাভ করেছে এবং তৃতীয় ও শেষ প্রান্তিকে লোকসান দিয়েছে। কারণ চা কৃষি নির্ভরশীল পণ্য হওয়ায় কোম্পানীর আয় উৎপাদনের সাথে জড়িত। প্রথম ও দ্বিতীয় প্রান্তিকে উৎপাদন ও বিক্রয়ের পরিমাণ বেশি থাকে, কিন্তু তৃতীয় ও শেষ প্রান্তিকে উৎপাদন কম ও সংশ্লিষ্ট ব্যয় বেশি থাকে। এ কারণে তৃতীয় ও শেষ প্রান্তিকে কোম্পানীর নিয়মিত লোকসান হয়ে আসছে। চা উৎপাদনের ব্যবসা মূলত মৌসুমী ব্যবসা।
- আর্থিক প্রতিবেদন সম্পর্কিত বিগত পাঁচ বছরের তথ্য প্রকাশ করা হয়েছে।
- কোম্পানী নিয়মিত লভ্যাংশ প্রদান করে আসছে।
- আলোচ্য সময়ে ১২টি বোর্ড সভা অনুষ্ঠিত হয়েছে।
- শেয়ারহোল্ডিং সম্পর্কিত তথ্য সংযোজনী-১-এ সন্নিবেশ করা হয়েছে।
- বিএসইসি'র গাইডলাইন অনুযায়ী পরিচালকদের প্রোফাইল বার্ষিক প্রতিবেদনে দেয়া হয়েছে।
- ২০১৬-১৭ হিসাববর্ষে স্বতন্ত্র পরিচালকসহ কোম্পানীর পরিচালকগণকে ফি ও পারিতোষিক বাবদ ৭,২৪,৫০০ টাকা প্রদান করা হয়েছে।

## পরিচালকমণ্ডলীর অবসর গ্রহণ

কোম্পানীর সংঘ-বিধিসমূহের (Articles of Association) ধারা মোতাবেক সাধারণ শেয়ারহোল্ডারদের মধ্য থেকে আসন্ন ৩৯তম বার্ষিক সাধারণ সভায় পরিচালকের একটি পদ শূন্য হবে। সরকারী শেয়ারহোল্ডারদের মধ্য থেকে পরিচালক, জনাব মুন্সী সফিউল হক কোম্পানীর পরিচালকের পদ হ'তে অবসর গ্রহণ করলেও শেয়ার মালিকানা বলে তিনি পুনঃনিযুক্তির যোগ্যতা রাখেন।

## নিরীক্ষক নিয়োগ

পরবর্তী বছরের জন্য আর্টিসান, চার্টার্ড এ্যাকাউন্ট্যান্টস এবং মসিহ্ মুহিত হক এন্ড কোং, চার্টার্ড এ্যাকাউন্ট্যান্টদ্বয় নিরীক্ষক হিসেবে কাজ করার জন্য আগ্রহ প্রকাশ করেছে। নিরীক্ষক হিসাবে তাদের পুনঃনিয়োগের সুযোগ আছে বিধায় ২০১৭-২০১৮ হিসাববর্ষের জন্য কোম্পানীর হিসাব নিরীক্ষা কার্য সম্পন্ন করার লক্ষ্যে উক্ত নিরীক্ষকদ্বয়কে যুগ্মভাবে পুনঃনিয়োগ দেয়া যেতে পারে।

## স্বতন্ত্র পরিচালক নিয়োগ

উল্লেখ্য যে, বিগত ১৪ই জুন,২০১৭ তারিখে অনুষ্ঠিত বোর্ডের ৫৮৪তম(জরুরী) সভায় জনাব মোঃ শওকত আলী ওয়ারেছীকে কোম্পানীর পরিচালনা পর্ষদে স্বতন্ত্র পরিচালক হিসেবে নিয়োগ প্রদানের বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। তদনুসারে বিগত ১৫ই জুন, ২০১৭ তারিখের ন্যাটকো/প্রশাসন/২০১৭-৩২নং স্মারকের মাধ্যমে জনাব মোঃ শওকত আলী ওয়ারেছীকে কোম্পানীর পরিচালনা পর্ষদে স্বতন্ত্র পরিচালক হিসেবে নিয়োগ প্রদান করা হয়। ২১শে ডিসেম্বর, ২০১৭ তারিখে অনুষ্ঠিতব্য কোম্পানীর ৩৯তম বার্ষিক সাধারণ সভায় স্বতন্ত্র পরিচালক নিয়োগের বিষয়টি ঘটনা-উত্তর অনুমোদনের জন্য উপস্থাপন করা হবে।

## কর্পোরেট শাসন ব্যবস্থা বিষয়ক নির্দেশনা সংক্রান্ত প্রতিবেদন

সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশনের নোটিফিকেশন নং- SEC/CMRRCD/2006-158/134/Admin/44 and SEC/CMRRCD/2006-158/48 (কর্পোরেট শাসন ব্যবস্থা বিষয়ক নির্দেশনা) সংযুক্ত করা হলো।

## নীট ফলাফল ও লভ্যাংশ প্রদানের প্রস্তাব

২০১৬-২০১৬ হিসাববর্ষে অর্জিত মুনাফা, Earning Per Share এবং কোম্পানীর শেয়ারের বর্তমান বাজার মূল্য বিবেচনায় লভ্যাংশ আরও বৃদ্ধির সুযোগ থাকলেও কোম্পানীর আর্থিক তারল্য সংকট, কোম্পানীর মাঠ ও কারখানা উন্নয়নে পুনঃবিনিয়োগের পরিকল্পনা থাকায় এবং সর্বোপরি শেয়ারহোল্ডারবৃন্দের ভবিষ্যৎ স্বার্থ রক্ষার উদ্দেশ্যে ২০১৬ সালের জুলাই থেকে ২০১৭ সালের জুন পর্যন্ত প্রতি শেয়ারে ১৮.০০ শতাংশ হারে লভ্যাংশ প্রদানের লক্ষ্যে বোর্ড সুপারিশ প্রদান করে।

## লাভ-লোকসানের খতিয়ানঃ

| বিবরণ | জুলাই ২০১৬ - জুন ২০১৭ |
|---|---|
| **২০১৬ জুলাই থেকে ২০১৭ জুন পর্যন্ত করপূর্ব মুনাফা** | **৮,০৭,৩২,৩০৭ টাকা** |
| **বিয়োজনঃ** | |
| আয়কর (Provision for Income Tax) | **৫৯,৭৬,৫৫০** টাকা |
| বিলম্বিত কর (Deferred Tax) | (৪৬,৪৯,১৩৭) টাকা |
| **কর পরবর্তী নীট মুনাফাঃ** | **৭,৯৪,০৪,৮৯৪ টাকা** |
| **সংযোজনঃ** | |
| পূর্বের রক্ষিত জের | (৪,৪৪,১৩,৯৬১) |
| পূর্ববর্তী বছরগুলোর খরচের সমন্বয় | (১,৭৩,৯২,৮৬৪) |
| **সর্বমোটঃ** | **১,৭৫,৯৮,০৬৯** |
| **বিভাজনঃ** | |
| প্রতি শেয়ারে ১৮.০০ শতাংশ হারে লভ্যাংশ প্রদানের প্রস্তাব | **১,১৮,৮০,০০০** টাকা |
| উন্নয়ন তহবিলে স্থানান্তর | ০ টাকা |
| লভ্যাংশ সমতা তহবিলে স্থানান্তর | ০ টাকা |
| মোটঃ | ১,১৮,৮০,০০০ টাকা |
| **রক্ষিত জের** | **৫৭,১৮,০৬৯ টাকা** |

## ২০১৭-২০১৮ হিসাববর্ষের সম্ভাবনা

২০১৭-২০১৮ হিসাববর্ষে কোম্পানীর বাগানগুলোর Pruning ও Drainage সহ চা চাষাবাদের সাথে সম্পৃক্ত যাবতীয় কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করা হবে। পরিমিত পরিমাণ বৃষ্টিপাত হলে এবং আবহাওয়া চা উৎপাদনের পক্ষে সহায়ক হলে কোম্পানীর উৎপাদন বৃদ্ধি পাবে। নীলাম বাজারে মূল্য প্রাপ্তির বর্তমান ধারা কিছুটা আশাব্যঞ্জক বলে মনে হচ্ছে। উল্লেখ্য যে, ইতিমধ্যে কোম্পানী কর্তৃক গৃহীত উন্নয়ন পরিকল্পনা যথাযথভাবে বাস্তবায়িত হলে চায়ের উৎপাদন ও গুণগত মান ব্যাপকভাবে বৃদ্ধি পাবে যা ২০১৭-১৮ হিসাববর্ষসহ আগামী বছরগুলোতে কোম্পানী আশানুরূপ ফলাফল লাভে সহায়তা প্রদান করবে ।

## কৃতজ্ঞতা

কোম্পানী সার্বিক কর্মকাণ্ড পরিচালনায় আলোচ্য হিসাববর্ষে বিভিন্ন প্রতিষ্ঠান ও ব্যক্তিবর্গের নিকট থেকে বিভিন্নভাবে সাহায্য ও সহযোগিতা পেয়েছে। এক্ষেত্রে বাণিজ্য মন্ত্রণালয়, অর্থ মন্ত্রণালয়, ভূমি মন্ত্রণালয়, খাদ্য মন্ত্রণালয় সহ বিভিন্ন মন্ত্রণালয়ের সাহায্য ও সহযোগিতা বিশেষভাবে উল্লেখযোগ্য। এ ছাড়াও যৌথ মূলধনী কোম্পানী ও ফার্ম সমূহের পরিদপ্তর, বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন, জাতীয় রাজস্ব বোর্ড, বাংলাদেশ চা বোর্ড, ইনভেষ্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ, সাধারণ বীমা কর্পোরেশন, বাংলাদেশ কৃষি ব্যাংক, বাংলাদেশীয় চা সংসদ, ঢাকা ও চট্টগ্রাম ষ্টক এক্সচেঞ্জ লিমিটেড এবং অন্যান্য ব্যাংক ও সংস্থা সমূহ প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করেছে। এ সকল সংস্থা বা প্রতিষ্ঠানের প্রতি পরিচালকমণ্ডলীর পক্ষ থেকে আন্তরিক কৃতজ্ঞতা ও ধন্যবাদ জ্ঞাপন করা হলো।

কোম্পানীর সকল স্তরের কর্মকর্তা, কর্মচারী ও শ্রমিকবৃন্দের কর্মতৎপরতা ও নিষ্ঠা এবং কোম্পানীর প্রতি আনুগত্য কৃতজ্ঞতার সাথে উল্লেখপূর্বক কোম্পানীর সার্বিক উন্নয়নে তাদের অনুরূপ কর্মস্পৃহা, শ্রম, নিষ্ঠা ও প্রচেষ্টার ধারা ভবিষ্যতেও অব্যাহত থাকবে বলে আশাবাদ ব্যক্ত করা যাচ্ছে।

সম্মানিত শেয়ারহোল্ডারগণের অব্যাহত সমর্থন, মূল্যবান পরামর্শ ও সহযোগিতা প্রদানের জন্য পরিচালকমণ্ডলীর পক্ষ থেকে রইল আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা।

পরিশেষে পরম করুণাময় আল্লাহতায়ালার নিকট আগামী বছরগুলোতে কোম্পানীর উত্তরোত্তর উন্নতি, সমৃদ্ধি ও সকলের মঙ্গল কামনা করে প্রতিবেদন সমাপ্ত করা হলো।

**আল্লাহ্ হাফেজ।**

**(মুন্সী সফিউল হক)**
চেয়ারম্যান

**(মইনুল ইসলাম)**
পরিচালক

**(মোঃ ফায়েকুজ্জামান)**
স্বতন্ত্র পরিচালক

**(সৈয়দ শাহরিয়ার আহসান)**
পরিচালক

**(মোঃ সারোয়ার কামাল)**
পরিচালক

**(মোঃ শওকত আলী ওয়ারেছী)**
স্বতন্ত্র পরিচালক

**(কাজী ছানাউল হক)**
পরিচালক

**(মোহাম্মদ বিন কাশেম)**
পরিচালক

**(মোঃ আব্দুল আউয়াল)**
ব্যবস্থাপনা পরিচালক

**ANNEXURE – 1**

## Pattern of Shareholdings

Name of the shareholders along with their position of the shares are listed below:

| SL No. | NAME OF SHAREHOLDER | SHARES HELD | % OF HOLDING |
|---|---|---|---|
| **Directors:** | | | |
| 01. | Mr.Md.Sarwar Kamal | 139,907 | 2.12% |
| *02. | Mr.Asaduzzaman Shahid Khan | 1,010 | 0.01% |
| **Shareholding position of the Executives:** | | | |
| 01. | Chief Executive Officer (CEO) | 20 | 0.00% |
| 02. | Company Secretary (CS) | - | - |
| 03. | Chief Financial Officer (CFO) | - | - |
| 04. | Head of Internal Audit | - | - |
| 05. | Other Executives | - | - |
| **Shareholders who hold 10% or more shares:** | | | |
| 01. | Investment Corporation of Bangladesh & it's Mutual Funds, Unit Funds & Bangladesh Fund & Other Funds: | 21,31,203 | 32.29% |
| 02. | Sadharan Bima Corporation | 7,58,710 | 11.50% |
| **Other Shareholders, who hold less than 10% shares:** | | | |
| 01. | Govt. of the People's Republic of Bangladesh | 2,86,000 | 4.33% |
| 02. | Equity Resources Limited | 3,81,850 | 5.79% |
| 03. | Financial Institutions other than ICB | 95,900 | 1.45% |
| 04. | Other Institutions | 3,05,513 | 4.63% |
| | **General Public** | **24,99,887** | **37.88%** |
| | | **66,00,000** | **100.00%** |

* Actions & functions as a Director of Mr.Asaduzzaman Shahid Khan had been restrained by Order passed in Writ Petition No.4695 of 2016 dated 13.04.2016 & it was extended for another 6(six)months on 02.11.2016 and later on it was extended for further 6(six) months on 09.04.2017 by the Hon'ble High Court Division of the Supreme Court of Bangladesh.

- ২০১৬ সালের জুলাই থেকে ২০১৭ সালের জুন পর্যন্ত কোম্পানীর মোট ১২টি বোর্ড সভা অনুষ্ঠিত হয়েছে। কোম্পানীর বর্তমান পরিচালকমণ্ডলী যে সকল সভায় উপস্থিত ছিলেন তা' নিম্নোক্তভাবে প্রদান করা হলোঃ

| ক্র. নং | পরিচালকের নাম | পদবী | যোগদানের তারিখ | উপস্থিতির সংখ্যা |
|---|---|---|---|---|
| ০১ | জনাব মুন্সী সফিউল হক | চেয়ারম্যান | ২৩-০৫-২০১৭ | ৩ |
| ০২ | জনাব মইনুল ইসলাম | পরিচালক | - | ১২ |
| ০৩ | জনাব মোঃ ফায়েকুজ্জামান | স্বতন্ত্র পরিচালক | - | ১২ |
| ০৪ | জনাব সৈয়দ শাহরিয়ার আহসান | পরিচালক | ০১-১০-২০১৬ | ৫ |
| ০৫ | জনাব মোঃ সারোয়ার কামাল | পরিচালক | ১৪-০৬-২০১৭ | ১ |
| ০৬ | জনাব মোঃ শওকত আলী ওয়ারেছী | পরিচালক | - | ৯ |
| | | স্বতন্ত্র পরিচালক | ২০-০৬-২০১৭ | ১ |
| ০৭ | জনাব কাজী ছানাউল হক | পরিচালক | ০৯-০৯-২০১৭ | - |
| ০৮ | জনাব মোহাম্মদ বিন কাশেম | পরিচালক | ২৭-১০-২০১৭ | - |
| ০৯ | জনাব মোঃ আব্দুল আউয়াল | ব্যবস্থাপনা পরিচালক | - | ১২ |

- ২০১৬ সালের জুলাই থেকে ২০১৭ সালের জুন পর্যন্ত কোম্পানীর সাবেক পরিচালকমণ্ডলী যে সকল সভায় উপস্থিত ছিলেন তা' নিম্নে প্রদান করা হলোঃ

| ক্র. নং | পরিচালকের নাম | পদবী | উপস্থিতির সংখ্যা |
|---|---|---|---|
| ০১ | ড. এ, কে, আব্দুল মুবিন | সাবেক পরিচালক | ৮ |
| ০২ | জনাব মোঃ ইফতিখার-উজ-জামান | সাবেক পরিচালক | ১০ |
| ০৩ | বেগম শামীম আখতার | সাবেক পরিচালক | ৩ |
| ০৪ | জনাব মির্জা সালমান ইস্পাহানী | সাবেক পরিচালক | ৪ |
| ০৫ | জনাব মোঃ আব্দুস সালাম | সাবেক পরিচালক | ২ |

- ২০১৬ সালের জুলাই থেকে ২০১৭ সালের জুন পর্যন্ত মোট ৭টি "নিরীক্ষা কমিটির" (Audit Committee) সভা অনুষ্ঠিত হয়েছে এবং কোম্পানীর পরিচালকমন্ডলীর নিম্নোক্ত সদস্যগণ উক্ত সভাগুলোতে উপস্থিত ছিলেনঃ

| ক্র. নং | অডিট কমিটি | সভার সংখ্যা | পরিচালক থাকাকালীন সভার সংখ্যা | উপস্থিতির সংখ্যা | উপস্থিতির হার | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ০১ | **জনাব মোঃ ফায়েকুজ্জামান**<br>স্বতন্ত্র পরিচালক ও অডিট কমিটির চেয়ারম্যান<br>(১০-০৮-২০১৬ থেকে ২০-০৬-১৭) | ৭টি | ৭টি | ৭টি | ১০০% | ১০-০৮-২০১৬ থেকে ২০-০৬-১৭ তারিখ পর্যন্ত ৭টি সভা অনুষ্ঠিত হয়। |
| ০২ | **বেগম শামীম আখতার**<br>(সাবেক পরিচালক ও অডিট কমিটির সদস্য)<br>(১০-০৮-২০১৬ থেকে ১০-০৮-২০১৬) | ৭টি | ১টি | ১টি | ১০০% | ১০-০৮-২০১৬ থেকে ১০-০৮-২০১৬ তারিখ পর্যন্ত ১টি সভা অনুষ্ঠিত হয়। |
| ০৩ | **জনাব মোঃ আব্দুস সালাম**<br>(সাবেক পরিচালক ও অডিট কমিটির সদস্য)<br>(৩০-০৮-২০১৬ থেকে ০৪-০৯-২০১৬) | ৭টি | ২টি | ২টি | ১০০% | ৩০-০৮-২০১৬ থেকে ০৪-০৯-২০১৬ তারিখ পর্যন্ত ২টি সভা অনুষ্ঠিত হয়। |
| ০৪ | **জনাব সৈয়দ শাহরিয়ার আহসান**<br>পরিচালক ও অডিট কমিটির সদস্য<br>(২৬-১০-২০১৬ থেকে ২০-০৬-১৭) | ৭টি | ৪টি | ৩টি | ৭৫% | ২৬-১০-২০১৬ থেকে ২০-০৬-১৭ তারিখ পর্যন্ত ৪টি সভা অনুষ্ঠিত হয়। |
| ০৫ | **জনাব মোঃ সারোয়ার কামাল**<br>পরিচালক ও অডিট কমিটির সদস্য<br>(২০-০৬-২০১৭ থেকে ২০-০৬-২০১৭) | ৭টি | ১টি | ১টি | ১০০% | ২০-০৬-২০১৭ থেকে ২০-০৬-২০১৭ তারিখ পর্যন্ত ১টি সভা অনুষ্ঠিত হয়। |
| ০৬ | **জনাব মোঃ শওকত আলী ওয়ারেছী**<br>স্বতন্ত্র পরিচালক ও অডিট কমিটির সদস্য<br>(১০-০৮-২০১৬ থেকে ২০-০৬-১৭) | ৭টি | ৭টি | ৭টি | ১০০% | ১০-০৮-২০১৬ থেকে ২০-০৬-১৭ তারিখ পর্যন্ত ৭টি সভা অনুষ্ঠিত হয়। |

# ন্যাশনাল টি কোম্পানী লিমিটেড

## অডিট কমিটির প্রতিবেদন

বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন (BSEC) এর ২০/০২/২০০৬ তারিখের প্রজ্ঞাপন নং-এসইসি/সিএমআরআরসিডি/২০০৬-১৫৮/১১৯/এ্যাডমিন/০২-০৮ অনুসারে বিগত ১৫ই মে, ২০১১ তারিখে অনুষ্ঠিত বোর্ডের ৪৯৬তম সভায় কোম্পানীর "অডিট কমিটি" গঠন করা হয়। বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন (BSEC) এর ৭ই আগষ্ট, ২০১২ তারিখের প্রজ্ঞাপন নং-এসইসি/সিএমআরআরসিডি/২০০৬-১৫৮/১৩৪/এ্যাডমিন/৪৪ অনুসারে বোর্ডের দায়িত্ব ও কর্তব্য যথাযথ ও সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে অডিট কমিটি বোর্ডকে সহযোগিতা প্রদান করে থাকে।

### বোর্ড কর্তৃক গঠিত বর্তমান অডিট কমিটি নিম্নরূপঃ

১) **জনাব মোঃ ফায়েকুজ্জামান,** স্বতন্ত্র পরিচালক - কমিটির চেয়ারম্যান

২) **জনাব সৈয়দ শাহরিয়ার আহসান,** পরিচালক - কমিটির সদস্য

৩) **জনাব মোঃ সারোয়ার কামাল,** পরিচালক - কমিটির সদস্য

৪) **জনাব মোঃ শওকত আলী ওয়ারেছী,** স্বতন্ত্র পরিচালক - কমিটির সদস্য

কোম্পানী সচিব, জনাব মোঃ লোকমান হোসেন অডিট কমিটির সদস্য সচিব হিসাবে দায়িত্ব পালন করেছেন। কমিটির কোন সদস্যই কোম্পানীর নির্বাহী কর্মকান্ডের সাথে সম্পৃক্ত নয় এবং কমিটির চেয়ারম্যান একজন স্বতন্ত্র পরিচালক। কমিটির সকল সদস্যই যথাযথভাবে দায়িত্ব পালনে এবং আর্থিক প্রতিবেদনের ব্যাখ্যা ও বিশ্লেষণে প্রয়োজনীয় দক্ষতা ও অভিজ্ঞতার অধিকারী।

### কমিটির ভূমিকা

কোম্পানীর হিসাবের স্বচ্ছতা নিশ্চিত করার জন্য আর্থিক বিবরণী এবং কোম্পানীর অভ্যন্তরীণ ও বহিঃনিরীক্ষকগণের প্রতিবেদন পরীক্ষা-নিরীক্ষা ও পর্যালোচনান্তে কমিটির সুপারিশ বিবেচনা ও সিদ্ধান্ত গ্রহণের লক্ষ্যে বোর্ড সভায় উপস্থাপন করা হয়। কমিটির দায়িত্বসমূহ নিম্নরূপঃ

ক) **আর্থিক বিবরণী**

- ত্রৈমাসিক ভিত্তিতে হিসাব বিবরণী পর্যবেক্ষণ।
- বার্ষিক আর্থিক বিবরণী পর্যবেক্ষণ।
- ত্রৈমাসিক ও বার্ষিক আর্থিক বিবরণীসমূহ প্রচলিত হিসাবের নীতি অনুসরণপূর্বক প্রণয়ন করা হয়েছে কিনা কমিটি কর্তৃক তা' পর্যবেক্ষণ।
- কোম্পানীর উপরোক্ত হিসাব বিবরণী পর্যবেক্ষণপূর্বক এ সম্পর্কে প্রয়োজনীয় পরামর্শ প্রদান।

খ) **কমিটির প্রতিবেদন**

কমিটির উপর অর্পিত দায়িত্ব ও কর্তব্য যথাযথভাবে পালন করা হয়েছে কিনা সে বিষয়ে সাধারণ শেয়ারহোল্ডারদের নিকট প্রতি বছর একটি প্রতিবেদন প্রকাশ।

গ) **অভ্যন্তরীণ নিরীক্ষা**

- অডিট বিভাগ কর্তৃক প্রস্তুতকৃত অডিট প্লান পর্যবেক্ষণ ও অনুমোদন।
- কোম্পানীর অডিট বিভাগের সাংগঠনিক ও জনবল পর্যাপ্ততা এবং নির্ধারিত কার্যাদি পর্যালোচনা।
- কোম্পানীর ১৩টি চা বাগানসহ সদর দপ্তরের অভ্যন্তরীণ নিরীক্ষা কার্য পর্যবেক্ষণ।
- অভ্যন্তরীণ নিরীক্ষা কার্যের Status Report পর্যবেক্ষণ।
- অভ্যন্তরীণ নিরীক্ষা প্রতিবেদন পর্যালোচনা, সুপারিশ এবং এ বিষয়ে করণীয় নির্ধারণ।

ঘ) **অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ**

- ত্রৈমাসিক ভিত্তিতে বাজেট পর্যালোচনা, variance analysis করা এবং যথাযথ সুপারিশ প্রদান ।
- অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থার উন্নয়ন ।
- Management Information System (MIS) এর অগ্রগতি/উন্নয়ন সহ Computerization এর মাধ্যমে সঠিক ও দ্রুত তথ্য প্রাপ্তির পদক্ষেপ সমূহ পর্যালোচনা।

ঙ) **বহিঃনিরীক্ষা**

- বহিঃযুগ্ম-নিরীক্ষকের অডিট রিপোর্ট ও আর্থিক বিবরণী সমূহ বিচার বিশ্লেষণ।
- বহিঃযুগ্ম-নিরীক্ষকের বিরূপ মন্তব্য সমূহ পর্যালোচনা ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের পরামর্শ প্রদান।
- বহিঃযুগ্ম-নিরীক্ষকের সাথে আলোচনাপূর্বক হিসাব সম্পর্কে তাদের মতামত গ্রহণ ও বিভিন্ন দুর্বল দিকসমূহ পর্যালোচনা।
- কোম্পানীর নিরীক্ষিত বার্ষিক হিসাব ও Management Report সম্পর্কে করণীয় সুপারিশসহ বোর্ডের অনুশাসন পালন।

চ) **বহিঃনিরীক্ষক নিয়োগঃ**

- বহিঃনিরীক্ষক নিয়োগের লক্ষ্যে তাঁদের আবেদন পত্র যাচাই এবং বোর্ডের নিকট সুপারিশ প্রদান।
- বহিঃনিরীক্ষক নিয়োগের লক্ষ্যে তাঁদের পারিতোষিক নির্ধারণ এবং বোর্ডের নিকট সুপারিশ প্রদান।

ছ) **আইনগত বাধ্যবাধকতা অনুসরণঃ**

কোম্পানী কর্তৃক অনুসৃত পদ্ধতিসমূহ (Procedures), কোম্পানী আইন, বিএসইসি, ডিএসই, সিএসই এবং অন্যান্য রেগুলেটরী কর্তৃপক্ষ কর্তৃক প্রণীত/নির্দেশিত আইন/নির্দেশনা ইত্যাদি যথাযথভাবে প্রতিপালন করা হচ্ছে কিনা তা' পর্যবেক্ষণ ও নিশ্চিতকরণ।

জ) **বিবিধঃ**

বোর্ডের নির্দেশিত সংশ্লিষ্ট বিষয়াদি কমিটি কর্তৃক যথাযথভাবে প্রতিপালন।

## কমিটির ক্ষমতা

অডিট কমিটিকে কোম্পানীর যাবতীয় আর্থিক কার্যক্রম পর্যবেক্ষণের জন্য বোর্ড ক্ষমতা অর্পণ করে। বোর্ড কমিটিকে কোম্পানীর ব্যবস্থাপনা পরিচালকসহ ব্যবস্থাপনার সাথে সংশ্লিষ্ট কর্মকর্তাদের নিকট থেকে প্রয়োজনানুসারে যাবতীয় তথ্যাবলী প্রাপ্তির ক্ষমতা অর্পণ করে। অডিট কমিটিকে প্রয়োজনানুসারে কোম্পানীর আইন উপদেষ্টা, কর উপদেষ্টা এবং যুগ্ম-নিরীক্ষকের পরামর্শ গ্রহণের জন্য বোর্ড ক্ষমতা অর্পণ করে।

## সংশ্লিষ্ট হিসাববর্ষের সম্পাদিত কার্যক্রমঃ

২০১৬-১৭ হিসাববর্ষে কমিটি তাদের উপর অর্পিত দায়িত্বসমূহ যথাযথভাবে পালনে সচেষ্ট ছিল যার কিছু বিষয় নিম্নে তুলে ধরা হলঃ

ক) **আর্থিক প্রতিবেদনঃ**

কোম্পানী আইন, বাংলাদেশ আর্থিক প্রতিবেদন মান (BFRS), আর্ন্তজাতিক আর্থিক প্রতিবেদন মান (IFRS) এবং অন্যান্য বিধিবদ্ধ নির্দেশনা অনুসারে আর্থিক প্রতিবেদন প্রস্তুতকরণ ও নিশ্চিতকরণ করা হয়েছে।

খ) **অভ্যন্তরীণ নিরীক্ষা এবং নিয়ন্ত্রণঃ**

১৩টি বাগানসহ সদর দপ্তরের নিরীক্ষা কার্য-পর্যবেক্ষণ ও গতিশীলতা আনয়নের লক্ষ্যে প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদান করা হয়েছে।

গ) **বহিঃনিরীক্ষা কার্যক্রমঃ**

বহিঃযুগ্ম-নিরীক্ষকের নিরীক্ষা প্রতিবেদন ও আর্থিক বিবরণী সমূহ যথাযথ পর্যবেক্ষণ, বিচার-বিশ্লেষণপূর্বক ব্যবস্থাপনাকে যথাযথ ক্ষেত্রে প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদান করা হয়েছে।

ঘ) **নীতি ও নৈতিকতা সংক্রান্তঃ**

প্রতিষ্ঠানের সর্বস্তরে নীতি ও নৈতিকতার যথাযথ প্রতিফলন নিশ্চিতকরণের লক্ষ্যে প্রয়োজনীয় দিক্-নির্দেশনা প্রদান করা হয়েছে।

## কমিটির সভা

২০১৬ সালের জুলাই হতে ২০১৭ সালের জুন মাস পর্যন্ত অডিট কমিটির মোট ৭ (সাত)টি সভা অনুষ্ঠিত হয়। অডিট কমিটি সভার কার্য-বিবরণী কোম্পানীর বোর্ড সভায় নিয়মিতভাবে পেশ করা হয়ে থাকে। কমিটির সভায় উপস্থিতি নিম্নরূপঃ

### বর্তমান সদস্যবৃন্দঃ

| ক্র. নং | অডিট কমিটি | সংশ্লিষ্ট বছরে সভার সংখ্যা | পরিচালক থাকাকালীন সভার সংখ্যা | উপস্থিতির সংখ্যা | উপস্থিতির হার | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ০১ | **জনাব মোঃ ফায়েকুজ্জামান**<br>স্বতন্ত্র পরিচালক ও অডিট কমিটির চেয়ারম্যান | ৭টি | ৭টি | ৭টি | ১০০% | ১০-০৮-১৬ থেকে ২০-০৬-১৭ তারিখ পর্যন্ত ৭টি সভা অনুষ্ঠিত হয়। |
| ০২ | **জনাব সৈয়দ শাহরিয়ার আহসান**<br>পরিচালক ও অডিট কমিটির সদস্য | ৭টি | ৪টি | ৩টি | ৭৫% | পরিচালক হিসাবে নিয়োগের পর কমিটির ৪টি সভা অনুষ্ঠিত হয়। |
| ০৩ | **জনাব মোঃ সারোয়ার কামাল**<br>পরিচালক ও অডিট কমিটির সদস্য | ৭টি | ১টি | ১টি | ১০০% | পরিচালক হিসাবে নিয়োগের পর কমিটির ১টি সভা অনুষ্ঠিত হয়। |
| ০৪ | **জনাব মোঃ শওকত আলী ওয়ারেছী**<br>স্বতন্ত্র পরিচালক ও অডিট কমিটির সদস্য | ৭টি | ৭টি | ৭টি | ১০০% | ১০-০৮-১৬ থেকে ২০-০৬-১৭ তারিখ পর্যন্ত ৭টি সভা অনুষ্ঠিত হয়। |

### অবসরপ্রাপ্ত সদস্যবৃন্দঃ

| ক্র. নং | অডিট কমিটি | সংশ্লিষ্ট বছরে সভার সংখ্যা | পরিচালক থাকাকালীন সভার সংখ্যা | উপস্থিতির সংখ্যা | উপস্থিতির হার | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ০১ | **বেগম শামীম আখতার**<br>সাবেক পরিচালক ও অডিট কমিটির সদস্য | ৭টি | ১টি | ১টি | ১০০% | পরিচালক হতে অব্যাহতির আগে কমিটির ১টি সভা অনুষ্ঠিত হয়। |
| ০২ | **জনাব মোঃ আব্দুস সালাম**<br>সাবেক পরিচালক ও অডিট কমিটির সদস্য | ৭টি | ২টি | ২টি | ১০০% | পরিচালক হতে অব্যাহতির আগে কমিটির ২টি সভা অনুষ্ঠিত হয়। |

কোম্পানীর ব্যবস্থাপনা পরিচালক, অর্থ ও হিসাব বিভাগের প্রধান এবং অভ্যন্তরীণ নিরীক্ষক সভাগুলোতে অডিট কমিটির চাহিদা অনুসারে উপস্থিত ছিলেন। ২০১৬ সালের জুলাই হতে ২০১৭ সালের জুন পর্যন্ত হিসাব বিবেচনাকালে কোম্পানীর বহিঃযুগ্ম-নিরীক্ষকের প্রতিনিধি উপস্থিত থেকে হিসাবের বিস্তারিত ব্যাখ্যা প্রদান করেন।

## কৃতজ্ঞতা স্বীকার

কমিটি কোম্পানীর বোর্ডের চেয়ারম্যানসহ অন্যান্য সদস্যদেরকে তাঁদের সহযোগিতার জন্য আন্তরিক ধন্যবাদ জানাচ্ছে। এছাড়া কমিটিকে সার্বিক সহযোগিতার জন্য কোম্পানীর বহিঃযুগ্ম-নিরীক্ষকসহ ব্যবস্থাপনা কর্তৃপক্ষকে ধন্যবাদ জ্ঞাপন করছে।

**(মোঃ ফায়েকুজ্জামান)**
স্বতন্ত্র পরিচালক ও অডিট কমিটির চেয়ারম্যান


# NATIONAL TEA COMPANY LIMITED
## INFORMATION AT A GLANCE

| | YEAR ENDED | July'16- June'17 | January-June 2016 | 2015 | 2014 | 2013 | 2012 |
|---|---|---|---|---|---|---|---|
| **A.** | **TRADING RESULTS:** | | | | | | |
| | Turnover [in thousand tk.] | 985,670 | 349,653 | 939,947 | 837,732 | 856,817 | 891,972 |
| | Gross Profit [in thousand tk.] | 297,009 | 96,507 | 293,144 | 226,222 | 364,919 | 413,540 |
| | Interest Paid [in thousand tk.] | 34,082 | 18,027 | 41,054 | 40,750 | 26,949 | 36,326 |
| | Profit/(Loss) before interest [in thousand tk.] | 113,487 | 19,568 | 120,309 | 82,849 | 188,371 | 233,549 |
| | Net Profit/(Loss) [in thousand tk.] | 79,405 | 1,541 | 79,255 | 42,099 | 161,422 | 197,223 |
| | Gross Profit on Sales [in % ] | 30.13 | 27.60 | 31.19 | 27 | 42.59 | 46.36 |
| | Profit (Loss) on Sale before interest [in %] | 11.51 | 5.60 | 12.80 | 9.89 | 21.98 | 26.18 |
| | Net Profit/(Loss) on Sales [in %] | 8.06 | 0.44 | 8.43 | 5.03 | 18.84 | 22.11 |
| | Earning per Share [in tk.] | 12.03 | 0.23 | 12.01 | 6.38 | 24.46 | 29.88 |
| | Sales Revenue per share[in tk.] | 149.34 | 52.98 | 142.42 | 126.93 | 129.82 | 135.15 |
| **B.** | **SHAREHOLDERS EQUITY** | | | | | | |
| | Share Capital [in thousand tk.] | 66,000 | 66,000 | 66,000 | 66,000 | 66,000 | 66,000 |
| | Reserve and Surplus [in thousand tk.] | 877,712 | 835,500 | 864,783 | 766,940 | 759,306 | 657,352 |
| | | **943,712** | **901,500** | **930,783** | **832,940** | **825,306** | **723,352** |
| | **Dividend per Share [in tk./share]** | **1.80** | **3.00** | | **2.00** | **3.00** | **3.00** |
| | Return on Shareholder's Equity [In %] | 8.41 | 0.17 | 8.51 | 5.05 | 19.56 | 27.27 |
| | Net Asset Value [NAV] in thousand tk. | 943,712 | 901,500 | 930,783 | 832,940 | 825,306 | 723,352 |
| | Net Asset Value (NAV)[in tk./share] | 142.99 | 136.59 | 141.03 | 126.20 | 125.05 | 109.60 |
| | Net operating cash flow [in tk.] | 31,626 | -98,737 | 197,917 | 108,112 | 112,614 | 244,144 |
| | Net operating cash flow [in tk./share] | 4.79 | -14.96 | 29.99 | 16.38 | 17.06 | 36.99 |
| **C.** | **FIXED ASSETS NET** [in thousand tk.] | 1,679,366 | 1,574,587 | 1,526,691 | 1,403,091 | 1,288,452 | 1,183,967 |
| | Worth per share [in tk.] | 254.45 | 238.57 | 231.32 | 212.59 | 195.22 | 179.39 |
| **D.** | **OTHERS INFORMATION** | | | | | | |
| | Production [in thousand kg] | 5,773 | 2,064 | 5,225 | 4,820 | 4,928 | 4,546 |
| | Cost of Production/kg [in tk] | 151.51 | 205.82 | 164.25 | 159.63 | 153.49 | 145.50 |
| | Average Price/kg [in tk] | 166.15 | 201.56 | 180.57 | 161.14 | 168.57 | 207.79 |
| | Planting tea [in hectare] | 239.05 | 111.90 | 217.20 | 201 | 204.80 | 191.05 |


Face value of shares have been converted into tk. 10 each during 2011,
accordingly figures of previous years have been rearranged

# INFORMATION AT A GLANCE


## Turnover [in thousand tk.]





## Gross Profit [in thousand tk.]




## Interest Paid [in thousand tk.]





## Profit/(Loss) before interest [in thousand tk.]




# INFORMATION AT A GLANCE


## Net Profit/(Loss) [in thousand tk.]





## Gross Profit on Sales [in %]




## Profit/(Loss) on Sale before interest [in %]





## Net Profit/(Loss) on Sales [in %]




# INFORMATION AT A GLANCE


## Earning per Share [in tk.]





## Sales Revenue per Share [in tk.]




## Reserve and Surplus [in thousand tk.]





## Dividend per Share [in tk./share]




# INFORMATION AT A GLANCE


## Return on Shareholder's Equity [In %]





## Net Asset Value [NAV] in thousand tk.




## Net Asset Value (NAV)[in tk./share]





## Net operating cash flow [in tk.]




# INFORMATION AT A GLANCE


## Net operating cash flow [in tk./share]





## Planting tea [in hectare]




## FIXED ASSETS NET [in thousand tk.]





## Worth per share [in tk.]




# INFORMATION AT A GLANCE


## চা উৎপাদন (কেজি) হাজারের অংকে




## প্রতি কেজির গড় বিক্রয় মূল্য (টাকায়)




## প্রতি কেজির উৎপাদন ব্যয় (টাকায়) টাকা




# বাগান ভিত্তিক পরিসংখ্যান

| চা বাগানের নাম | চা উৎপাদন (কেজি) হাজারের অংকে | | | | | | প্রতি কেজির গড় বিক্রয় মূল্য (টাকায়) | | | | | | প্রতি কেজির উৎপাদন ব্যয় (টাকায়) | | | | | | লাভ/ (লোকসান) হাজারের অংকে | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ২০১২ | ২০১৩ | ২০১৪ | ২০১৫ | ২০১৬ জুন পর্যন্ত | ২০১৬-১৭ | ২০১২ | ২০১৩ | ২০১৪ | ২০১৫ | ২০১৬ জুন পর্যন্ত | ২০১৬-১৭ | ২০১২ | ২০১৩ | ২০১৪ | ২০১৫ | ২০১৬ | ২০১৬-১৭ | ২০১২ | ২০১৩ | ২০১৪ | ২০১৫ | ২০১৬ | ২০১৬-১৭ |
| পাত্রখোলা | ৯১০ | ১০৪০ | ১০০৮ | ১০৮৭ | ৪৫৯ | ১১৩১ | ২০৬.৯১ | ১৬২.০৮ | ১৬০.২৫ | ১৭৯.১১ | ১৮৯.৭৭ | ১৫০.৫৪ | ১২৩.৪৩ | ১২৯.৬৬ | ১৩৩.৪৯ | ১৩৮.২৯ | ১৬০.৪৪ | ১৪১.৩৩ | ৫৩৪৪১ | ৪৬৩০০ | ২৬৭৩১ | ৩৮২৯৬ | ১৫১১১ | ৯৮৪২ |
| কুরমা | ৩৬১ | ৩৭১ | ৩৭৬ | ৪২৪ | ১৮০ | ৪৯৮ | ১৯৭.০৬ | ১৫৪.১০ | ১৪৯.৪১ | ১৭৪.৩৪ | ১৯২.২৫ | ১৪৭.৭১ | ১৬৮.৫২ | ১৯১.৩৮ | ১৯৮.১৩ | ১৮২.২৮ | ২৩৭.০৮ | ১৭৬.২৮ | ৬৮৪৬ | -৮৭৩৫ | -১৮৬৬৬ | -৫১১৪ | -৬৬৬০ | -১৫০০৪ |
| চাম্পারায় | ৩৩৩ | ৩৬১ | ৩৪৩ | ৪১৬ | ১৭৮ | ৫১৩ | ২১৬.৪৪ | ১৮১.২৭ | ১৭৪.৭৩ | ১৮৯.৯৮ | ২১০.৩৭ | ১৭৮.১২ | ১৫৩.১২ | ১৬৪.২৯ | ১৭৬.৫৫ | ১৬৬.২৩ | ২০১.৫২ | ১৪৪.৫০ | ১৩৩৩৫ | ১৩৩৭৯ | -৬৬৪ | ৮১৬৮ | ২২০১ | ১৬৯২৩ |
| মদনমোহনপুর | ৩৩৫ | ৩৪২ | ৩০৭ | ৩৭২ | ১২২ | ৩৬৬ | ২০৬.১৪ | ১৭১.০৬ | ১৫৮.৩৪ | ১৭৮.৫৩ | ১৯২.২৫ | ১৪৬.৮১ | ১১৫.০৭ | ১৩২.৫৫ | ১৩৭.২৩ | ১৪১.২২ | ১৭৯.৮০ | ১৩৯.৫৮ | ২৩৫৬১ | ১৭৫৬৭ | ৭১০৭ | ১১৯৭৭ | ২৯২৫ | ২৬০৯ |
| মাধবপুর | ৩৩৮ | ৩৫৫ | ৩৫৯ | ৩৭৫ | ১৬৩ | ৩৯২ | ২০৪.৩৪ | ১৬৩.৫৯ | ১৬৫.৬৭ | ১৮৩.৬১ | ২০৭.৫৯ | ১৬৯.৮০ | ১৬৭.৬৮ | ১৮৩.০১ | ১৮৩.৭০ | ২০০.৭৩ | ২৩৮.৯৬ | ১৯৯.২৩ | ৬৭৭৪ | -৪১৮ | -৬৮৯৯ | -৮৬২৫ | -৪৯৩৮ | -১০৭২৪ |
